শুধু মুক্ত এবং ফ্রি হবার কারণে ওয়েব ব্রাউজার মজিলা ফায়ারফক্স ব্যাপক জনপ্রিয় হয়, পাশাপাশি এই ওয়েব ব্রাউজার সফটঅয়্যারটি নানামুখী সুবিধা ও চমৎকার সব অ্যাড-অনেরও ব্যাপক ভূমিকা রয়েছে। সি নিউজ এবারের সংখ্যায় তাই মজিলা ফায়ারফক্সের চমৎকার কিছু অ্যাড-অনের খোঁজখবর জানানো হলো। পরবর্তীতে অন্যান্য সংখ্যায়ও ফায়ারফক্সের আরো চমৎকার সব অ্যাডঅন-এর খোঁজখবর জানানো হবে। জানাচ্ছেন **মনিরুল হক ফিরোজ**।

ফেসপ্যাড

ফেসবুক থেকে একটা একটা করে ছবি ডাউনলোড করা বিরাট ঝক্কিঝামেলা ও সময় অপচয়ের ব্যাপার। এই সমস্যা থেকে মুক্তির জন্য ব্যবহার করতে পারেন ফায়ারফক্সের চমৎকার একটা অ্যাড-অন 'ফেসপ্যাড'।

যেভাবে ব্যবহার করবেন:
http://www.addictivetips.com/internet-tips/download-photo-albums-from-facebook-using-a-firefox-plugin/ লিংক থেকে ফেসপ্যাড ইনস্টল করে ফায়ারফক্স রিস্টার্ট করে নিন। এবার ফেসবুক লগইন করে নিন। কাঙ্ক্ষিত অ্যালবামের ওপর রাইট ক্লিক করলেই আপনি "download album with facepad" অপশনটি পেয়ে যাবেন। ক্লিক করুন এবং ছবির পুরো অ্যালবামটি ডাউনলোড করে ফেলুন।

কয়েক সেকেন্ডে ফায়ারফক্সের থিম পরিবর্তন 'পারসোনাস'

ফায়ারফক্সকে রাঙিয়ে তুলতে অনেকে অ্যাড-অন্স থিম ইনস্টল করে থাকেন, কিন্তু এতে জায়গা বেশি লাগে এবং পরিবর্তন বা পছন্দ করা বেশ ঝামেলার। কিন্তু আপনি যদি মজিলা ল্যাবের পার্সোনাস অ্যাড-অন্স (৩০ কিলোবাইট) ইনস্টল করেন তাহলে ইচ্ছামত থিম পরিবর্তন করতে পারবেন কয়েক সেকেন্ডে। এজন্য http://labs.mozilla.com থেকে Personas এ ক্লিক করুন এবং download it এ ক্লিক করে (বা https://labs.mozilla.com/projects/personas/xpi/personas-latest.xpi থেকে সরাসরি) ইনস্টল করুন। এরপরে ফায়ারফক্স রিস্টার্ট করলে দেখবেন স্ট্যাটাস বারের একেবারে বামে একটি শিয়ালের চিহ্ন এসেছে। এই শিয়ালের উপর ক্লিক করলে থিমের মেন্যু আসবে। এখন থিমের মেন্যু থেকে আপনার ইচ্ছামত যে কোনো থিমে ক্লিক করলে কিছুক্ষণের মধ্যে আপনার ফায়ারফক্সের থিম পরিবর্তন হয়ে যাবে। আর মূল থিমে ফিরে আসতে এ ক্লিক করলেই হবে।

টাইম-ট্র্যাকার দিয়ে জেনে নিন প্রতিদিন কতক্ষণ আপনি ইন্টারনেটে থাকেন

প্রতিদিন অনেক সময় ইন্টারনেট ব্রাউজ করে কাটান আপনি? যদি এই সময়টা জেনে নেওয়া যেত সঠিকভাবে তাহলে নিশ্চয়ই মন্দ হত না? ফায়ারফক্সের একটি অ্যাড-অন এর মাধ্যমে সঠিকভাবে জেনে নেয়া যায় প্রতিদিন কতটা সময় আপনি ইন্টারনেটে কাটাচ্ছেন। অ্যাড-অনটির নাম Time Tracker। ইনস্টল করার পর নিচে একেবারে ডানদিকে দেখতে পাবেন এই সময়। ইন্টারনেট অ্যাডিকটেড বিশেষ করে ব-গারদের জন্য দারুণ সহায়ক হতে পারে এটা। এর মাধ্যমে আপনি আপনার রাইটিং স্কিলও পরীক্ষা করতে পারেন। যেমন: একটা পোস্ট লিখতে কত সময় লাগল, কোনো পেজ লোড হতে কত সময় লাগল এই টাইপ আরকি। ডাউনলোড করুন এই ঠিকানা থেকে: https://addons.mozilla.org/en-US/firefox/addon/4476। এছাড়া কোন ওয়েবসাইটে দিনে কতটুকু সময় কাটাবেন, তা সেট করে দিতে পারেন, ঐ সময় অতিক্রম হলে বা দিনের নির্ধারিত সময় কালে ওসব সাইটে ঢুকতেই দেবে না।

কোনো কিছু পরবর্তীতে পড়ার জন্য 'রিড ইন লেটার'

ইন্টারনেটে ঘুরতে ঘুরতে অনেক লেখাই আমাদের ভাল লাগে। সময়ের অভাবে সেগুলোর সব পড়া হয় না। কেমন হতো যদি সেগুলোকে পরে পড়ার জন্য রেখে দেওয়া যেত একটা লিস্টে? নিশ্চয়ই মন্দ নয়! ফায়ারফক্সের Read It Later অ্যাড-অন আপনাকে দেবে সেই সুযোগ।

https://addons.mozilla.org/en-US/firefox/addon/7661 থেকে অ্যাড-অনটি ইনস্টল করে ব্রাউজার রিস্টার্ট করুন। রিস্টার্ট করার সাথে সাথে ব্রাউজার আপনাকে একটি নির্দিষ্ট পেজে নিয়ে যাবে যেখানে আপনাকে বলা হবে একটি অ্যাকাউন্ট ক্রিয়েট করার জন্য। অ্যাকাউন্ট ক্রিয়েট করতে শুধু ইউজার নেম আর পাসওয়ার্ড লাগবে। ইমেইল আইডি বা ভেরিফিকেশনের দরকার নাই।

ব্রাউজারে অ্যাড্রেসবারে ডান-দিকে > চিহ্নের উপর ক্লিক করে যে কোনো পেজকে আপনার

লিস্টে রেখে দিতে পারেন পরে পরার জন্য। আবার পড়া হয়ে গেলে টিক চিহ্নের উপর ক্লিক করলে লিস্ট থেকে ডিলিট হয়ে যাবে পেজটি।

সাইবার সার্চ

সাইবার সার্চ অ্যাড-অনটির মাধ্যমে ফায়ারফক্সের অ্যাড্রেসবার থেকেই গুগলের বিভিন্ন সার্চ চালানো যাবে। অ্যাড্রেস বারে আপনার টাইপিং ওয়ার্ড সরাসরি গুগলে কোয়েরি করার জন্য সেন্ড করে দেয় এবং অ্যাগেইনস্টে সার্চ রেজাল্ট নরমালি দেখানো হয়ে থাকে। তবে এই এক্সটেনশনকে আরো পাওয়ারফুলি ব্যবহার করতে চাইলে এর রয়েছে একটি ফুল কাস্টমাইজড সুপারসার্চ বিল্ট-ইন ফায়ারফক্স কিওয়ার্ড।



আসুন এবার দেখে নেয়া যাক এই অ্যাড-অনের ফিচারগুলো-

মাল্টিপল গুগল সার্ভিস সাপোর্ট

আপনি অ্যাড্রেস বার থেকে খুব সহজেই গুগলের ওয়েব, লোকাল, ভিডিও, ব-গ, নিউজ, বুকস, ইমেজ এবং পেটেন্টস এ সার্চ চালাতে পারবেন।

কাস্টমাইজেবল কি ওয়ার্ডস

আপনি যে সমস্ত কিওয়ার্ড মনে রাখতে স্বাচ্ছন্দ্যবোধ করেন ঠিক সেই সমস্ত কি ওয়ার্ড বেছে নিতে পারবেন। গুগল ওয়েব সার্চের জন্য আপনি চাইলে একটি কিওয়ার্ড বেছে নিতে পারবেন, গুগল নিউজ সার্চের জন্য আরেকটি...সম্ভাবনা অসীম।

সার্চিং-এ যে কোন সাইটকে ব-ক করে দেয়া

ধরুন আপনি গুগলে সার্চ চালাবেন অথচ একটি সাইটকে রেজাল্ট দেখতে চাইছেন না অথবা আপনি চান না আপার পিসি থেকে সার্চ দিয়ে কেউ সেই সাইট খুঁজে পাক, সেক্ষেত্রে আপনি চাইলে আগে থেকেই সাইট নকআউট করে দিতে পারেন এই সিম্পল অ্যাড-অনটি ব্যবহার করে।

স্মার্ট কিওয়ার্ডস

সাইবার সার্চ স্বয়ংক্রিয়ভাবে একটি ইউআরএল-কে কিওয়ার্ডে পরিবর্তন করে নিতে পারে এবং এই ট্রিক এর সাহায্যে আপনি সহজেই কোন সাইটকে ট্র্যাক করে নিতে পারবেন।

ওয়েবসাইট আইকন

আপনি আপনার সার্চিং এর জন্য আলাদা আলাদা আইকন সেটআপ করে নিতে পারবেন। এতে আপনার মনে রাখার ক্ষেত্রে অনেক সুবিধা হবে এবং চাইলে মন মত পরে এডিটিংও করে নিতে পারবেন।

ইমেজ প্রিভিউ

ইমেজ সার্চিং এর (গুগল ইমেজ) ক্ষেত্রে নেক্সটে আপনার জন্য কি কি ছবি (সকল রেজল্যুশনের) আছে তার থাম্বনেইল ভিউ দেখা সম্ভব।

রিট্রিভ মাল্টিপল পেজ

এতে ডিফাইন করা আছে একটি সহজ এবং ডিসটিংগুইশেবল কিওয়ার্ড যার সাহায্যে আপনি মাল্টিপল পেজ রেজাল্ট রিট্রিভ করতে পারবেন। অ্যাড-অনটি https://addons.mozilla.org/en-US/firefox/addon/7931 ঠিকানা থেকে ডাউনলোড করে নিন।

সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন

ইদানিং কম বেশি সবাই বিভিন্ন সাইট বানাচ্ছে। তবে অ্যাডসেন্স এর মূলমন্ত্র 'সার্চ ইঞ্জিন অপটিমাইজেশান' এ ব্যাপারে আমরা অনেকেই ভুলে যাই এবং একে কাজে লাগাতে পারি না। তবে এই অপটিমাইজেশানের ব্যাপারটা আরো সহজ করার জন্য ব্যবহার করতে পারেন 'SEO blogger' অ্যাডঅনটি। https://addons.mozilla.org/en-US/firefox/addon/12994 ঠিকানা থেকে এটি ডাউনলোড করে ফায়ারফক্স রিস্টার্ট করে নিন। আসুন এবার ধাপে ধাপে দেখে নেয়া যাক এই অ্যাডঅনের ব্যবহার প্রণালী-

১ম ধাপ: মজিলা ফায়ারফক্স রিস্টার্ট করার সাথে সাথে নিচে ডানদিকের কোনায় 'w' আইকনটি



দেখতে পাবেন। সেখানে ক্লিক করে আপনি এই টুলটিকে ব্রাউজারে ওপেন করে নিন।

২য় ধাপ: টুলের সার্চ বক্সে একটি 'সিড ওয়ার্ড' প্রবেশ করিয়ে সার্চে হিট করুন। সিড ওয়ার্ড হচ্ছে আপনার পোস্টের সাথে রিলেটেড একটি ওয়ার্ড যার উপর আপনি বেশি গুরুত্বারোপ করছেন। সার্চ হওয়ার পর পর আপনাকে অনেকগুলো কিওয়ার্ড সাজেস্ট করা হবে।

৩য় ধাপ: অ্যাড বাটনে ক্লিক করে আপনার পছন্দের কিওয়ার্ডগুলো বেছে নিন।

৪র্থ ধাপ: এরপর আপনার বেছে নেয়া কিওয়ার্ডগুলো নিয়ে পোস্ট লেখা শুরু করুন। লেখার সময় আপনাকে এই টুল বলে দেবে আপনি কোন কিওয়ার্ড কতবার ব্যবহার করেছেন। আর আপনি তো জানেনই কিওয়ার্ডকে কিভাবে ঘুরিয়ে ফিরিয়ে আপনার পোস্টে বারবার আনতে হবে।

সাইটআউট ছাড়া ব্রাউজারে একই ট্যাবে একাধিক মেইল আইডি 'ওয়েবমেইল নোটিফায়ার'

আমাদের অনেকেরই একাধিক মেইল আইডি আছে। এগুলো চেয়ে করার জন্য আমরা বার বার সাইন ইন এবং সাইন আউট করি। ধরুন, আপনার ৫টি ইয়াহু আইডি আছে। এক্ষেত্রে আপনি ৫ বার সাইন ইন এবং ৫ বার সাইন আউট করে থাকেন। এই ঝামেলা থেকে মুক্তি দিতে পারে ফায়ারফক্সের ওয়েব মেইল নোটিফায়ার অ্যাডঅনটি। এই অ্যাডঅনটি আপনার মেইল সম্পর্কে নোটিফিকেশনও করবে। ডাউনলোড ঠিকানা: https://addons.mozilla.org/en-US/firefox/addon/4490।

অ্যাড করার পর আপনার ফায়ারফক্সের ডানপাশে একেবারে নিচে নোটিফায়ারটি দেখতে পাবেন। নোটিফায়ারটির প্রেফারেন্সেস অপশন হতে আপনার আইডিগুলো অ্যাড করে নিন। আরও



যেসকল আইডি অ্যাড করতে পারবেন তা উপরের চিত্র থেকে দেখে নিন।

সহজভাবে বাংলা বানানকে পরীক্ষার জন্য 'বেঙ্গলি ডিকশনারি'

বাংলা আমাদের মাতৃভাষা। মাতৃভাষার প্রতি সঠিক ধারণা না থাকলে অন্য যে কোনো ভাষায় ভালোমত দক্ষতা আনা সহজ হয় না। আমাদের মাতৃভাষা বাংলার জন্য অনেক বাঙালি তাঁদের জীবন উৎসর্গ করেছিলেন। তাঁদের স্বপ্ন ছিলো মহৎ। সর্বস্তরে আমাদের মাতৃভাষা বাংলা ব্যবহার করা উচিৎ। আর ব্যবহার করতে গিয়ে হয়ত বা অনেকেই বাংলা বানানের ব্যাপারে ভুল করি। এই ভুল পরীক্ষা করতে আপনাকে সাহায্য করতে পারে মজিলা ফায়ারফক্সের দারুণ একটা অ্যাড-অন যার নাম Bengali (Bangladesh) Dictionary। আমরা বিভিন্ন ওয়েবসাইটে যখন ইংরেজি বাক্য লিখি তখন ভুল শব্দের নিচে লাল চিহ্নিত আন্ডার

লাইন হয়। কিন্তু বাংলার ক্ষেত্রে তা হয় না। ঐ অ্যাড-অনটি যুক্ত করলে ভুল বাংলা বানানেও শব্দের নিচে লাল চিহ্নিত আন্ডার লাইন হবে। এর ফলে আপনি সহজেই শুদ্ধ বানানটি ব্যবহার করতে পারবেন।

অ্যাড-অনটি ইনস্টল করার পদ্ধতি: https://addons.mozilla.org/en-US/firefox/addon/13660 সাইট থেকে অ্যাড-অনটি ডাউনলোড করে অ্যাড টু ফায়ারফক্স ক্লিক করুন। ইনস্টল-এ ক্লিক করুন। সবশেষে ফায়ারফক্স রিস্টার্ট করুন।

কার্যপদ্ধতি: এবার বাংলা লিখুন ওয়েবসাইটে। ভুল হলে লাল চিহ্নিত আন্ডার লাইন হবে।



এক্ষেত্রে মূল শব্দটিই আপনি যাচাই করতে সক্ষম হবেন।

কালারফুল ট্যাবস

আপনার মজিলা ফায়ারফক্সকে করে তুলুন কালারফুল ট্যাবস সম্পন্ন। মজিলা ফায়ারফক্স ব্রাউজার সকলের কাছে জনপ্রিয়। এই ব্রাউজারকে আরও চমৎকার করতে পারেন কালারফুল ট্যাবল অ্যাড-অন দ্বারা। এই অ্যাড-অনটি https://addons.mozilla.org/en-US/firefox/addon/1368 ঠিকানা থেকে অ্যাড করে ইনস্টল করার পর মজিলা ফায়ারফক্স রিস্টার্ট করুন। দেখুন এবার চমৎকার মজিলা ফায়ারফক্স।

ফায়ারফক্সে সহজেই ক্রিকেটের স্কোর দেখা

ক্রিকেট খেলার চলতি স্কোর বিভিন্ন ওয়েব সাইট থেকে দেখা যায়। কিন্তু কোনো ওয়েব সাইটে না ঢুকেই যদি ফায়ারফক্সের স্ট্যাটাসবারে ক্রিকেটের চলতি স্কোর দেখা যায় তাহলে কেমন হয়! স্কোরওয়াচ নামের একটি অ্যাড-অন ইনস্টল করে এই সুবিধা পাওয়া যায়। এজন্য https://addons.mozilla.org/en-US/firefox/addon/4699 ঠিকানা থেকে অ্যাড-অন ইনস্টল করে ফায়ারফক্স রিস্টার্ট করুন। এখন স্ট্যাটাস বারের ডানে স্কোর আসবে। এখানে ক্লিক করে স্কোর ওয়াচ মেন্যু থেকে চলতি সকল খেলার স্কোর দেখা যাবে তবে স্ট্যাটাস বারে যে খেলাটির স্কোর দেখতে চান Match List থেকে সেটির উপরে ক্লিক করলে খেলাটির স্কোর স্ট্যাটাস বারে প্রদর্শন করবে এবং নিয়মিত হালনাগাদ হবে। এছাড়াও Preference এ ক্লিক করে কত সময় পর পর হালনাগাদ করতে চান তা নির্ধারণ করে দিতে পারেন এবং Wicket Alert ও নির্বাচন করতে পারেন।

ডিফল্ট হিসাবে ক্রিকইনফোর (www.cricinfo.com) স্কোর দেখায় তবে ইংল্যান্ড এন্ড ওয়েইলস ক্রিকেট বোর্ডের (www.ecb.co.uk) ওয়েবসাইটের স্কোরও দেখতে পারেন। স্কোর সোর্স পরিবর্তন করতে পারেন স্কোরওয়াচ মেন্যুর Source এর ড্র্যাগ ডাউন মেন্যু থেকে পরিবর্তন করলেই হবে। আর কোন চলতি খেলার পূর্ণাঙ্গ স্কোর দেখতে স্কোরওয়াচ মেন্যুর উক্ত খেলার ডানের বাটনে Full scorecard ক্লিক করলেই পেজটি খুলবে।

অটোকপি

আমরা বেশিরভাগ ব্যবহারকারী কোনো লেখা কপি করতে প্রথমে মাউস (কম্পিউটারের) দিয়ে লেখা নির্বাচন করে তারপর রাইট ক্লিক করে কপি করি বা Ctrl-C প্রেস করি। যা হোক, এখন এই কাজটা আরো সহজে করতে পারেন ফায়ারফক্সের অটোকপি নামক অ্যাড-অনটির মাধ্যমে।



এবার আপনাকে শুধু লেখা নির্বাচন করলেই চলবে তারপর আপনার যেখানে দরকার সেখানে পেস্ট করে নিন। যারা একটু বেশি লেখা কপি পেস্ট করেন তারা যদি একবার এই অ্যাডঅনটি ব্যবহার করেন তবে এটাকে আর ছাড়তে পারবেন না। ডাউনলোড করে নিন http://autocopy.mozdev.org/ থেকে।

ওয়েবসাইট খোলার জন্য হট-কি

মজিলা ফায়ারফক্সে দ্রুত পছন্দের ওয়েবসাইট খোলার জন্য হট-কি ব্যবহার করতে পারেন। ফলে কোন সাইটের অ্যাড্রেস না লিখেই আপনি আপনার পছন্দের সাইটটি খুলতে পারবেন কয়েকটি কী চেপেই।

এজন্য সাইট লাঞ্চার অ্যাড-অনটি ইনস্টল করতে হবে। https://addons.mozilla.org/en-US/firefox/addon/10127 সাইট থেকে অ্যাড-অনটি ইনস্টল করুন এবং ফায়ারফক্স রিস্টার্ট করুন তাহলে দেখবেন Help মেন্যুর বামে Site Launcher নামে একটি মেন্যু এসেছে। এবার Site Launcher মেন্যু থেকে Manage Shortcuts এ ক্লিক করলে Site Launcher Management আসবে। এখানে অনেকগুলো ডিফল্ট শর্টকাট আছে। এর মধ্যে থেকে আপনার অপ্রয়োজনীয় শর্টকাটগুলো মুছে ফেলুন। এখন নিচের Key তে হট-কি (একটা ক্যারেক্টার) দিন (একই ক্যারেক্টার একাধিকবার ব্যবহার করা যাবে না), Title এ সাইটের নাম এবং URL এ সাইটের ঠিকানা লিখে Add Shortcut এ ক্লিক করে যুক্ত করুন এবং Ok করুন। আপনি চাইলে বাম পাশের Launcher Hotkey এবং Direct to Site Hotkey পরিবর্তন করতে পারেন। এছাড়াও কোন সাইট খোলা থাকা অবস্থায় Site Launcher মেন্যু থেকে Shortcut This Page ক্লিক করে Key তে হট-কি (অক্ষর), Title এ সাইটের নাম লিখে যুক্ত করতে পারেন। এরপরে উক্ত সাইট খুলতে Launcher Hotkey এর শর্টকাট Ctrl + Space চাপলে লাঞ্চপ্যাড আসবে এখানে শর্টকাট কী চাপলেই নতুন ট্যাবে সাইটটি খুলবে।

আর সরাসরি হট-কি (ডিফল্ট হিসাবে Alt+Shift+ KEY) চেপেও সাইটটি খুলতে পারেন। আপনি চাইলে Site Launcher Management-এর Options থেকে লঞ্চপ্যাডের রঙ পরিবর্তন করতে পারেন।

ব্যাকআপ রাখুন ফায়ারফক্স এর অ্যাড-অনগুলোর

কিছু দিন পর পর আসে ফায়ারফক্স এর নতুন নতুন ভারসন। আবার কম্পিউটার নতুন করে সেটআপ দিলেই প্রয়োজন হয় নতুন করে ব্রাউজার সেটআপ দেবার। আর নতুন করে সেটআপ দিলেই হারিয়ে যায় পুরনো অ্যাড-অনগুলো। কিন্তু এখন আপনি আপনার অ্যাড-অনগুলোর ব্যাকআপ রাখতে পারবেন আর ব্রাউজার সেটআপ এর পর প্রি ইনস্টল করে নিতে পারবেন অ্যাডঅনগুলো। ব্যাকআপ রাখার জন্য আপনাকে প্রথমে নামের এক্সটেনশনটা ডাউনলোড করতে হবে। ডাউনলোড করুন https://addons.mozilla.org/en-US/firefox/addon/2109 ঠিকানা থেকে। ডাউনলোড শেষ হলে ব্রাউজার রিস্টার্ট করতে হবে। তারপর Tools মেন্যু থেকে FEBE অপশন এ যেতে হবে। FEBE option থেকে ঠিক করে দিতে হবে কোন ফোল্ডারে ব্যাকআপ ফাইলগুলো জমা হবে। এরপর Perform Backup অপশন এ ক্লিক করলে FEBE ব্যাকআপ ফাইল তৈরি করবে। আপনার করে দেয়া ফোল্ডার চেক করে দেখুন অ্যাড-অনগুলোর ব্যাকআপ ফাইল তৈরি হয়েছে। ■